



স্মারক নং- ৫১.০১.০০০০.০৯৬.১৬.০২৩.২২ (অংশ-১)-২০২২

তারিখঃ ১৯ আষাঢ়, ১৪২৯ বঙ্গাব্দ
০৩ জুলাই, ২০২২ খ্রিস্টাব্দ

বিষয়: ২০২১-২০২২ অর্থ বছরে “অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচির (ইজিপিপি)” ২য় পর্যায়ের বরাদ্দকৃত অর্থের সমাপ্তি প্রতিবেদন প্রেরণ সংক্রান্ত।

সূত্র: দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের স্মারক নং ৫১.০১.০০০০.০৯৬.১৬.০২৩.২২ (অংশ-১)-১৭২, তারিখ: ২৬.০৫.২০২২ খ্রি।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২১-২০২২ অর্থ বছরে ইজিপিপি কর্মসূচি বাস্তবায়নের নিমিত্ত ২য় পর্যায়ের কাজ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের সূত্রোক্ত স্মারক মোতাবেক গত ০৮.০৬.২০২২ খ্রি. তারিখ শেষ হয়েছে। কিন্তু এখনও পর্যন্ত ৫১ টি জেলার ৩৪০ টি উপজেলা এবং কক্সবাজার জেলার ০৮ (আট) টি উপজেলার ইজিপিপি (প্লাস) কর্মসূচির ২য় পর্যায়ের বরাদ্দকৃত অর্থের নির্ধারিত ছকে সমাপ্তি প্রতিবেদন পাওয়া যায়নি। এখানে উল্লেখ্য যে, অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকার ৩.৯ এর (ড) অনুচ্ছেদ মোতাবেক ২য় পর্যায়ের কাজ সমাপ্তির নির্ধারিত তারিখের পরবর্তী সাত দিনের মধ্যে সংশ্লিষ্ট কর্মসূচি বাস্তবায়ন সমাপ্তি প্রতিবেদন নির্দেশিকায় উল্লেখিত ছক-৩২ এর আলোকে উপজেলা পর্যায়ের বাস্তবায়ন প্রতিবেদন অত্র অধিদপ্তরে প্রেরণ করার নির্দেশনা রয়েছে।

২। উক্ত নির্দেশনার প্রেক্ষিতে সমাপ্তি প্রতিবেদনের নির্ধারিত ছকের সাথে ব্যাংক স্টেটমেন্ট, আয়কর ও ভ্যাট ও অব্যয়িত অর্থ জমাদানের মূল চালানের সত্যায়িত কপি, অনুভোলিত অর্থ সংশ্লিষ্ট উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয়ের প্রত্যয়ন এবং প্রকল্প কাজের ছবির সফট কপি ffwegppreport@gmail.com ই-মেলে এবং হার্ড কপি উপপরিচালক (কাবিখা-৩) বরাবর প্রেরণ করতে হবে। ২য় পর্যায়ের সমাপ্তি প্রতিবেদন মেইল করার পর উপপরিচালক (কাবিখা-৩), মোবাইল নম্বর ০১৭১৯৬১২১৭ অথবা উচ্চমান সহকারী (কাবিখা-৩), মোবাইল নম্বর ০১৭১৯৪৭৫৪৪৬ এ প্রেরণ নিশ্চিত করতে হবে।

৩। এমতাবস্থায়, নির্ধারিত ছকে (ছক নং ৩২) ২০২১-২০২২ অর্থ বছরের ২য় পর্যায়ের ইজিপিপি এবং ইজিপিপি প্লাস কর্মসূচি বাস্তবায়ন সমাপ্তি প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসারগণের মাধ্যমে আগামী ১৫/০৭/২০২২ খ্রি. তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মো: নায়ের আলী)

উপপরিচালক (কাবিখা-৩)

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

ফোন : ৮৮০-২৪৮৮১০৯৯০

ই-মেইল : ffwegppreport@gmail.com

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা

..... জেলা-

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে :

- ১। পরিচালক (প্রশাসন/কাবিখা), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী বা/এ, ঢাকা।
- ২। প্রকল্প পরিচালক, SMoDMRPA, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী বা/এ, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক (সংশ্লিষ্ট সকল),
- ৪। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী বা/এ, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল),
- ৬। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল)....., জেলা:.....
- ৭। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী বা/এ, ঢাকা।
- ৮। অফিস কপি।